আইন-শৃঙ্খলা কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : **জনাব মকছুদুল হক চুট্টু,** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।
সভার স্থান : ভাইস চেয়ারম্যানের কার্যালয়, চকরিয়া, কক্সবাজার।
সভার তারিখ ও স্থান : ০৫/০৬/২০২২ খ্রি. সকাল: ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক'তে সন্নিবেশিত (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আইন-শৃঙ্খলা কমিটির সদস্য-সচিবকে সভার আলোচ্যসূচি নিয়ে আলোকপাত করার জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য-সচিব সভাকে নিম্নবর্ণিত আলোচ্যসূচির উপর আলোকপাত করেন।

০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

আইন-শৃঙ্খলা কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। সভায় উপস্থিত ০৭ জনের মধ্যে ০৭ জনই পক্ষে মত দেয়ায় ১০০% ভোটে সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সুপারিশ সমূহ গৃহিত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
ইভটিজিং সংক্রান্ত	কোরক বিদ্যাপীঠের ছাত্রী হোস্টেল রাস্তার সাথে লাগোয়া, যে কারণে বিজয় মঞ্চে ও শহীদ মিনারে বিশেষ করে বিকেলে ও স্কুল ছুটির সময় প্রচুর বখাটে ছেলেরা আড্ডা দেয় এবং সবুজবাগ আবাসিক এলাকায়ও অবস্থান নিয়ে বখাটেরা ছাত্রীদের ইভটিজিং করে থাকে।	১। কোথাও ইভটিজিং এর ঘটনা ঘটলে কিংবা ইভটিজিং এর আশংকা থাকলে বিদ্যালয়ের শিক্ষক ও সচেতন যে কোন ব্যক্তি সাথে সাথে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও অফিসার ইনচার্জ, চকরিয়া থানাকে অবহিত করবেন। ২। ইভটিজিং এর অভিযোগ পাওয়ার গেলে সহকারী কমিশনার (ভূমি) তাৎক্ষণিকভাবে মোবাইল কোর্টের অভিযান পরিচালনা করবেন। ৩। অফিসার ইনচার্জ, চকরিয়া থানা স্কুল ছুটির সময় কোরক বিদ্যাপীঠ, গাল্স স্কুল সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে সাদা পোশাকে পুলিশী টহলের ব্যবস্থা গ্রহণ করবেন।	১। সহকারী কমিশনার (ভূমি), চকরিয়া। ২। অফিসার ইনচার্জ, চকরিয়া থানা।
মাদক ও জুয়া সংক্রান্ত	চেয়ারম্যান, সাহারবিল ইউপি জানান, সাহারবিল ইউনিয়নের মধ্যম পাড়ায় ইয়াবা সেবনকারী এবং ইয়াবা ব্যবসায়ীর তৎপরতা বৃদ্ধি পেয়েছে। ইয়াবা সেবনকারী ও ব্যবসায়ীদের দ্রুত আইনের আওতায় আনতে হবে। চেয়ারম্যান, চিরিংগা ইউপি জানান, এখন মোবাইলের মধ্যে জুয়া খেলা বেড়ে গেছে। রাস্তার পাশে ও বিভিন্ন দোকানে বসে ছেলেরা জুয়া খেলছে। এগুলো বন্ধ করার ব্যবস্থা নিতে হবে।	১। ইয়াবা, মদ, গাজা ইত্যাদি মাদকদ্রব্য পাচারকারী ও সেবনকারীদের দ্রুত গ্রেফতারের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। ২। মোবাইলে জুয়া খেলার বিষয়ে তদন্তপূর্বক অফিসার ইনচার্জ, চকরিয়া থানা আইনানুগ ব্যবস্থা নিবেন।	অফিসার ইনচার্জ, চকরিয়া থানা।

চিংড়ি জোন সংক্রান্ত	অফিসার ইনচার্জ, চকরিয়া থানা বলেন, চরণদ্বীপ ও রামপুর চিংড়ি জোন এলাকায় পুলিশী তৎপরতা অব্যাহত আছে। ইতিমধ্যে চিংড়ি জোন সম্পর্কে কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। সভাপতি জানান, রামপুর মৌজা বিশাল একটি চিংড়ি জোন এলাকা। যারা চিংড়ি প্রজেক্ট করে তারা নিরাপত্তাহীন অবস্থায় রয়েছে। সামনে চিংড়ি মাছের মৌসুমে ডাকাতের তৎপরতা বৃদ্ধি পাবে। এছাড়াও প্রজেক্টের মালিকদের কাছ থেকে চাঁদা দাবী করে এবং দাবীকৃত চাঁদা না দিলে প্রজেক্টের মাছ ডাকাতী করার হুমকি দেয় বলে জানান।	আইন-শৃঙ্খলা রক্ষায় পুলিশী টহল অব্যাহত রাখা সহ প্রজেক্টে নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	১। আই.সি, বদরখালী নৌ পুলিশ ফাঁড়ি, চকরিয়া। ২। আই.সি, রামপুর পুলিশ ফাঁড়ি, চকরিয়া।

সভায় আর কোন আলাচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মকছুদুল হক চুট্টু)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, চকরিয়া, কক্সবাজার।
ও
সভাপতি
আইন-শৃঙ্খলা কমিটি, চকরিয়া, কক্সবাজার।

স্মারক নং: অ:ই:কা:/চক:/কক্স:/২০২২- ১১৬

তাং: ০৫/০৬/২০২২ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৯৪ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, কক্সবজার-১।
২। জেলা প্রশাসক, কক্সবাজার।
৩। পুলিশ সুপার, কক্সবাজার।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া, কক্সবজার।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেরা পরিষদ, চকরিয়া।
৭। সংরক্ষণ নথি।

জ্ঞাতার্থে ও কার্যাথে
২-৪) জনাব...
৪-৬) চেয়ারম্যান.. ইউনিয়ন পরিষদ।

(মো: হাবিবুর রহমান)
অফিসার ইনচার্জ
চকরিয়া থানা।
ও
সদস্য-সচিব
আইন-শৃঙ্খলা কমিটি, চকরিয়া, কক্সবাজার।

পরিশিষ্ট- "ক"

চকরিয়া উপজেলার আইন-শৃঙ্খলা কমিটির

দ্বি-মাসিক সভায় উপস্থিতির স্বাক্ষর ঃ

তারিখ : ০৫/০৬/২০২২খ্রিঃ, রোজঃ রবিবার, সকাল : ১১.০০ ঘটিকা।

ক্র:নং	নাম ও পদবী	মোবাইল	স্বাক্ষর
০১.	**জনাব মকছুদুল হক ছুট্টু,** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া ও সভাপতি, আইন-শৃঙ্খলা কমিটি।	০১৮২০-৩৪৭৩৫৪	
০২.	**জনাব গুলশান আক্তার,** উপজেলা শিক্ষা অফিসার, চকরিয়া ও সদস্য, আইন-শৃঙ্খলা কমিটি।	০১৮১১-৬৬৬১৩৮	০৫/০৬/২২
০৩.	**ডাঃ মোহাম্মদ শাহবাজ,** উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, চকরিয়া ও সদস্য, আইন-শৃঙ্খলা কমিটি।	০১৭১১-২০৯৭৫৯	০৫/০৬/২২
০৪.	জনাব মো: বেনজির আহমেদ, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, চকরিয়া ও সদস্য, আইন-শৃঙ্খলা কমিটি।	০১৯৩৪-২৬৭৩২৮	
০৫.	**জনাব আলহাজ্ব জসিম উদ্দিন,** চেয়ারম্যান, চিরিংগা ইউপি, চকরিয়া ও সদস্য, আইন-শৃঙ্খলা কমিটি।	০১৭১২-০৭৫১৫০	
০৬.	জনাব মহসিন বাবুল, চেয়ারম্যান, সাহারবিল ইউনিয়ন পরিষদ, চকরিয়া ও সদস্য, আইন-শৃঙ্খলা কমিটি।	০১৮১৫-৫৫৮০৯৩	
০৭.	**জনাব মো: হাবিবুর রহমান,** অফিসার ইনচার্জ, চকরিয়া থানা ও সদস্য-সচিব, আইন-শৃঙ্খলা কমিটি।	০১৭১৩-৩৭৩৬৬৭	০৫/০৬/২২